



# ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

www.uniqueprogressiveschool.com

## নোটিশ

ইউনিক প্রগ্রেসিভ স্কুলের সকল ছাত্র/ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯ অক্টোবর, ২০২৪ বুধবার থেকে ১৭ অক্টোবর, ২০২৪ বৃহস্পতিবার পর্যন্ত দুর্গাপূজা (বিজয়া দশমী ১৩ অক্টোবর), ফাতেহা-ই-ইয়াজদাহম (১৫ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মীপূজা এবং প্রবারণা পূর্ণিমা (১৬ অক্টোবর) উপলক্ষে শ্রেণি পাঠদান বন্ধ থাকবে। ২০ অক্টোবর, ২০২৪ রবিবার থেকে নির্ধারিত সময়সূচী অনুযায়ী দশম শ্রেণির নির্বাচনি পরীক্ষা/২০২৪ এবং দিবা শাখার শ্রেণি পাঠদানসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলবে। আরও উল্লেখ্য যে প্রভাতী শাখার শ্রেণি পাঠদান আগামী ২৮ অক্টোবর, ২০২৪ সোমবার থেকে চলবে। নির্বাচনি পরীক্ষার পূর্বে দশম শ্রেণির প্রত্যেক ছাত্র/ছাত্রীকে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। প্রবেশ পত্র আগামী ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ থেকে ১৯ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত অফিস কক্ষ থেকে প্রদান করা হবে। প্রবেশ পত্র সংগ্রহের পূর্বে বকেয়াসহ (যদি থাকে) অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতন এবং পরীক্ষার ফি ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে। প্রবেশ পত্র সংগ্রহের সময় যাবতীয় পাওনাদি পরিশোধ করা হয়েছে এই মর্মে প্রমাণপত্র স্বরূপ বেতন কার্ড দেখাতে হবে। প্রবেশ পত্র ছাড়া নির্বাচনি পরীক্ষায় অংশ গ্রহণ করার কোন সুযোগ নেই।

(এইচ.এম.আলমগীর)

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

তারিখ: ০৫/১০/২০২৪

৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির যে কোন বিষয়ে অভিযোগ/পরামর্শের জন্য  
০১৫৫৭-২৬১১৬১ নম্বরে ফোন করার অনুরোধ করা হলো।